সোমবার গাংনীতে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুরের গাংনীতে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন দোদুল এমপি।

আগামী সোমবার সকাল ১০টায় গাংনীতে পৌঁছে উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করবেন। দুপুর ৩ টায় গাংনী হাইস্কুল প্রাঙ্গনে মেহেরপুর জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় যোগদান করবেন।

এর আগে ৩ দিনের সরকারী সফরে ঢাকা থেকে আগামী শনিবার মেহেরপুর সার্কিট হাউজ মিলনায়াতনে সরকারি কর্মকর্তাদের সাথে মতবিনিময় করবেন। আগামী রবিবার সকাল ১০টায় মুজিবনগর উপজেলার গৌরীনগর খালের পুনর্খনন কাজ পরিদর্শন করবেন।

ওইদিন বিকালে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর খালের খনন কাজের উদ্বোধন করবেন। সন্ধ্যায় তিনি মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী কর্তৃক আয়োজিত বর্ষবরণ অনুষ্ঠানে যোগদান করবেন বলে জানা গেছে। আগামী সোমবার সন্ধ্যায় তিনি ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

কালীগঞ্জে এবার চায়ের দোকানে ঢুকলো ট্রাক! আহত ৪

কালীগঞ্জ হক চিড়ার মিল এলাকায় এক পথচারীকে বাঁচাতে গিয়ে সবজি বাহী অবৈধ আলমসাধুর (শ্যালো চালিত যান) সাথে সংঘর্ষের পর নিয়ন্ত্রণ হারিয়ে চায়ের দোকানে ধাক্কা দিল বেপরোয়া ট্রাক। এতে চায়ের দোকানে থাকা তিন জন ও আলমসাধুর চালক গুরুতর আহত হয়েছেন।

আহতদের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করার পর গুরুতর আহত তিনজনকে যশোর ২৫০ শয্যা হাসপাতালে রেফার্ড করা

হয়েছে। আহতরা হলেন আলমসাধু চালক দয়াপুর গ্রামের আয়ুব হোসেনের ছেলে বিপুল হোসেন (৩৫), তালসার গ্রামের সাবজাল হোসেন (৫৫), দামোদর পুর গ্রামের আঃরাজ্জাক (৫০), মধুগঞ্জ বাজার এলাকার মুশফিকুর রহমান টুটুল (৪৯)। আহতরা সকলেই কালীগঞ্জ এলাকার বাসিন্দা।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মামুনুর রশিদ জানান, ঝিনাইদহের দিক থেকে একটি ট্রাক যশারের দিকে যাচ্ছিল। পথমধ্যে হক চিড়ামিল এলাকায় পৌঁছালে এক পথচারীকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাচা সবজিবাহী আলমসাধু গাড়িকে ধাক্কা দিয়ে পাশের একটি চা দোকানের উপর উঠে যায়।

এ সময় দোকানে বসে থাকা টুটুল হোসেন, সাবজাল হোসেন, আব্দুর রাজ্জাক নামে তিনজন আহত হয়। এরমধ্যে আব্দুর রাজ্জাক চা দোকানী।

বাংলাদেশ আওয়ামী যুব প্রজন্মলীগের মুজিবনগর উপজেলা কমিটি গঠন

“বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা শেখ হাসিনার নেতৃত্ব সততা ও শক্তি একতাই বল” এই শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশ আওয়ামী যুব প্রজন্মলীগের মুজিবনগর উপজেলা কমিটি গঠিত হয়েছে।

গতকাল শুক্রবার জেলা কমিটির সভাপতি তারিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক জাহিদ হাসান স্বাক্ষরিত এই কমিটির অনুমোদন দেওয়া হয়। শহরের কোর্ট সড়কে মেহেরপুর জেলা যুব প্রজন্ম লীগের অফিস কার্যালয়ে জেলা যুব প্রজন্মলীগের সভাপতি তারিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক জাহিদ হাসান এ কমিটির অনুমোদন দেন।

মুজিবনগর উপজেলা প্রজন্মলীগের সভাপতি মার্টিন রতন মন্ডল ও মুর্শিদ আলম লিপুকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্যের এই কমিটির অনুমোদন দেয়া হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহ-সভাপতি জাহিদুর রহমান, মৌসুমী আক্তার শ্যামলী, দেবাস্তিন মন্ডল, শাকিল রেজা, যুগ্ম-সাধারণ সম্পাদক পদে সমুয়েল মল্লিক, প্রসেনজিৎ মন্ডল, আরোজ খাঁ, শেফালী মল্লিক, মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক পদে সুজন মিয়া, সোহেল সরদার, ইমরান মোল্লা, মিঠন আলী, মিলন হোসেন, পাপ্পু মন্ডল, জাব্বারুল ইসলাম, আশরাফুল আলম ও মহিলা বিষয়ক সম্পাদিকা পদে লাভলি খাতুন। আগামী ১ বছরের জন্য এই কমিটিকে অনুমোদন দেওয়া হয়।

গাড়াবাড়ীয়াতে ক্রিকেট খেলার উদ্বোধন

গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামে ক্রিকেট খেলার উদ্বোধন করলেন ১ নং কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

গতকাল বিকাল ৪ ঘটিকার সময় গাড়াবাড়ীয়া গ্রামের সাবেক খেলোয়াড় জিনারুল ইসলামের পরিচালানায় খেলার উদ্বোধন করা হয়।

উক্ত খেলার উদ্বোধনী অনুষ্ঠানটি পরিচালনা করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, সভাপতিত্ব করেন মুক্তিযোদ্ধা সদর আলী, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিজানুর রহমান রানা চেয়ারম্যান।

আরও উপস্থিত ছিলেন সন্ধানী স্কুল এন্ড কলেজের ক্রিড়া শিক্ষক ইমদাদুল হক, সাবেক ক্রিকেটার ইয়ার ইসলাম, হাফিজুল ইসলামসহ বিভিন্ন শ্রেণীর মানুষ।

এ সময় মিজানুর রহমান রানা তার বক্তব্যে জানান বর্তমানে দেখা যাচ্ছে সকল প্রকার খেলায় যুব সমাজের অনিহা। তবে প্রধান মন্ত্রী মাদক থেকে দূরে রাখতে খেলা ধুলার বিভান্ন কর্মসূচি বাস্তবায়ন করেছেন।

তাই যুব সমাজকে খেলার দিকে ধাবিত করার জন্য গাড়াবাড়ীয়াতে যেন

প্রতি বছরেই যেন এই খেলাটি হয় তার জন্য আমি আপনাদের পাশে থেকে সর্বচ্চ সহযোগিতা করবো।
এর চেয়ে বড় ধরনের খেলা যেন পরিচালনা করা যায় সেই ব্যবস্থাও করবো।

গাংনীতে ফসলি জমির মাটি লুট, দেখার কেউ নেই

গাংনী পৌরসভার মাটি ব্যবসায়ীরা বেপরোয়া হয়ে ফসলি জমির মাটি কেটে ইট ভাটায় বিক্রি করছেন। এমন অপতৎপরতা বন্ধে ব্যবস্থা নিতে প্রশাসনকে নড়েচড়ে বসতে হবে বলে মনে করেন এলাকার সাধারণ জনগণ। গাংনী পৌরসভাসহ উপজেলা ব্যাপী অপরিকল্পিত পুকুর খননের কারণে। আবাদি জমি দিন দিন কমতে শুরু করেছে।

বিভিন্ন ইউনিয়ান ভূমি কর্মকর্তাদের মাধ্যমে মাটি ব্যবসায়ীদের ফসলি জমির মাটি কাটা বন্ধের কথা থাকলেও কোন কাজ হচ্ছে না। পরের ফসলি জমির মাটি লুট বন্ধে কোন নমূনা নেই। গাংনী উপজেলায় প্রায় শতাধিক ইট ভাটা রয়েছে। গত নভেস্বর মাস থেকে এসব ভাটায় ইট তৈরি ও পোড়ানোর কাজ শুরু হয়। এতে প্রতিটি ভাটায় প্রয়োজন মাটি।

এসুযোগে বাঁশবাড়ীয়া, জুগীন্দা, চিৎলা, নিত্যান্দপুর, পাকুড়িয়া টেপাপাংয়াশিং, বাহাগুন্দা আযানসহ প্রায় ৩০ স্থানে ভেকু মেশিনের মাধ্যমে মাটি কেটে ট্রাক্টর দিয়ে ফসলি জমির মাটি বিভিন্ন ইট ভাটায় নিয়ে যাচ্ছে। আর জমির মালিকরা না বুঝেই তা ইট ভাটার মালিকদের কাছে বিক্রি করছেন।

চিৎলা গ্রামের সাবেক মেম্বর শফিউর রহমান জানান মাঠে আবাদি জমি কমে যাচ্ছে, সাথে আবাদের পরিবেশ বিভিন্ন ভাবে বিঘ্নিত হচ্ছে। প্রশাসন যদি ব্যবস্থা না নেই তাহলে কৃষি খাতে ক্ষতি হবে।

১নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি রহিদুল ইসলাম জানান আমি নিজে যত্রতত্র মাটি কাটার জন্য মোবাইল ফোনে গাংনী উপজেলা প্রশাসনকে জানালে তারা আমাকে লিখিত অভিযোগ করতে বলে।

৮নং ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান বলেন জুগীন্দা গ্রামের একটি অপরিকল্পিত পুকুরের কারণে শত শত বিঘা জমি পানিবন্দী হয়ে আবাদের অযোগ্য হয়ে পড়েছে।

গাংনী পৌরসভার মেয়র আহাম্মেদ আলী বলেন পৌরসভা সীমানার ভিতরের পুকুর খনন করে পৌর নাগরিকদের কোন অসুবিদা করা যাবে না। পুকুর খনন করতে হলে পৌরসভা থেকে অনুমতি নিতে হবে। তানা হলে পৌর আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের হাতে গাঁজা সহ আটক- ২

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৫ গ্রাম গাঁজা সহ হাতেনাতে ২ জন মাদক ব্যাবসায়কে আটক করেছে পুলিশ। চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর দিকনির্দেশনায় আলোকে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ ওসি আবু জিহাদ ফখরুল আলম খান এর নির্দেশে আজ শুক্রবার সকাল সাড়ে ১২ টার সময় চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ গোপন সংবাদের চুয়াডাঙ্গা সদর থানার এস আই হাসানুজ্জামান নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর থানার একটি বিশেষ টিম। চুয়াডাঙ্গা সদর থানাধীন জাফরপুর বন বিভাগ এর সামনে চুয়াডাঙ্গা- ঝিনাইদহ সড়কের উপর অভিযান পরিচালনা কালে ২ জন মাদক ব্যাবসায়ীকে আটক করে এবং আটককৃত আসামিদের কাছ থেকে ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

আটককৃত আসামিরা হলেন চুয়াডাঙ্গা সদর থানাধীনসাতগাড়ি গ্রামের মৃত খেদের আলীর ছেলে মোঃ কাওছার মন্ডল (৫০) এবং একই থানাধীন হানুরবাড়াদী গ্রামের মুসা হক আলীর ছেলে মোঃ মঙ্গল মন্ডল (৪৫)উদ্ধারকৃত গাজা ১১.৪৫ টার সময় জব্দ করা হয়।আটককৃত অভিযুক্তদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে বলে নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ ওসি আবু জিহাদ ফখরুল আলম খান।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উদ্বোধন

গতকাল শুক্রবার সকাল ১০ টায় দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশন চত্বরে দর্শনা রেলবন্দরে লোডিং আনলোডিং আর সি সি ঢালায় কাজের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। বাংলাদেশ রেলওয়ে বিভাগীয় প্রকৌশলী ১ বীরবল মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব হাজী মোঃ আলী আজগার টগর বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশ রেলওয়ে কে ঢেলে সাজিয়েছে ।

উন্নয়নের রূপকার হাজী আলী আজগার টগর এমপি আরও বলেন জামাত-বিএনপি’র আমলে বাংলাদেশ রেলওয়ের কোনরকম উন্নয়ন হয়নি, মানুষ সারাদিন ট্রেনের অপেক্ষায় বসে থাকতে হত।এখন সঠিক টাইমে ট্রেন চলাচল করে।আমাদের চুয়াডাঙ্গা জেলাকে নতুন করে সাজানো হবে।

দর্শনায় বড় করে নতুন একটি স্টেশন হবে এখান থেকে মানুষ মেহেরপুর
– মুজিবনগর রেল স্হাপনের কাজ দ্রত গতিতে এগিয়ে যাচ্ছে।চুয়াডাঙ্গা ষ্টেশনসহ বাংলাদেশের মোট ২৫ টি স্টেশন দ্বিতীয় তলায় পরিণত করা হয়েছে।

এ সরকার উন্নয়নের সরকার, বাংলাদেশের মানুষ দিনদিন উন্নতির দিকে যাচ্ছে যদি বঙ্গবন্ধু বেঁচে থাকতো তাহলে দেশটার আরও উন্নত হতো। বিশেষ অতিথী হিসাবে উপস্হিত উপস্থিত ছিলেন রেলওয়ের পশ্চিম জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আসাদুল হক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জননেতা, আলী মুনসুর বাবু, আরও উপস্থিত ছিলেন বার বার নির্বাচিত পৌর মেয়র দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি, মতিয়ার রহমান, এ সময় আরও বক্তব্য রাখেন সি এ্যান্ড এফের সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হাবু, প্রধান অতিথি কে ফুল দিয়ে বরণ করে নেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আসাদুল হক, আরো উপস্থিত ছিলেন আওয়ামীলীগ, যুবলীগ ছাত্রলীগ নেতৃবৃন্দ।

পরে প্রধান অতিথি দর্শনা রেলবন্দরের ঢালায় কাজের ১ কোটি ৫৬ লাখ ৪০ হাজার ২৪৪ টাকার মাইল ফলক উম্মোচন করে। অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলার আওয়ামী যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট।

[redacted]

[redacted]

নৌকা প্রার্থির অফিসে হামলা ও ভাংচুর,আহত-৩

পৌরসভা নির্বাচনের শেষ মুহুর্তের প্রচারণার আগের দিন মোবাইল মার্কা প্রতিকের নেতাকর্মীদের তান্ডব। আলমডাঙ্গায় ঘন্টা ব্যাপি মোবাইল প্রতিকের নেতাকর্মীরা নৌকা প্রতিকের ৫টি অফিস, ২টি বাড়ি, ২টি দোকান ভাংচুর করে। এছাড়াও ধারালো অস্ত্রের আঘাতে আওয়ামীলিগের তিন কর্মীকে কুপিয়ে গুরুত্বর আহত করেছে।

ঘটনাটি গতকাল বৃহস্পতিবার রাত ১০ টার দিকে পৌর এলাকাজুড়ে এ তান্ডব চালায় তারা। এ ঘটনায় পৌরসভা এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। রাতেই চুয়াডাঙ্গার সদর সার্কেল জাহাঙ্গীর হোসেন, থানার ওসি আলমঙ্গীর কবির ঘটনাস্থল পরিদর্শন করে। এই ঘটনার পর আলমডাঙ্গা পৌর এলাকায় থম থমে অবস্থা বিরাজ করে।

জানাগেছে, আগামি ১৪ ই ফেব্রুয়ারি আলমডাঙ্গা পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। আজ শুক্রবার শেষ রাতেই শেষ হচ্ছে প্রার্থীদের প্রচার-প্রচারণা। শেষ মুহুর্তের প্রচারণায় আওয়ামীলিগের নেতাকর্মীরা বিভিন্ন ওয়ার্ডে প্রচারণা চালানোর সময় এম সবেদ আলীর মোবাইল মার্কার প্রার্থীরা আওয়ামীলিগের অফিসে হামলা চালায়। এ হামলা চলে ৩ নং ওয়ার্ডের কলেজ মোড়, ৪নং ওয়ার্ড আনন্দধাম, ৫নং ওয়ার্ড এরশাদপুর চাতাল মোড়, ৬নং গোবিন্দপুর হরিতলা,৭নং গোবিন্দপুর মাঠ পাড়ার নৌকা প্রতিকের অফিস ভাংচুর করে।

এছাড়াও, মৃত বীর মুক্তিযোদ্ধা আহসান আলি মৃধার ছেলে ছাত্রলীগ নেতা মিডিল এর বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর করে। আওয়ামীলিগের কর্মী লালনের বাড়ি, পৌর এলাকার চাতাল মোড়ের প্রতিবন্ধী শাহিনের মুদি দোকান ভাংচুর ও লুটপাট ও হাসেমের দোকান ভাংচুর করে।

আলমডাঙ্গার এরশাদপুর চাতাল মোড়ে হাসান কাদির গনুর নৌকার অফিসের থাকা অবস্থায় হামলা চালিয়ে এরশাদপুর গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে রশিদ (৪৫), মৃত জিন্নার ছেলে শাহিন (৩৫), জামিল হোসেনের ছেলে বিপ্লব গুরুত্বর জখম হয়। স্থানীয়দের সহযোগিতায় তাদের হারদি হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় চুয়াডাঙ্গার জেলার সদর সার্কেল জাহাঙ্গীর হোসেন,

আলমডাঙ্গা থানার ওসি আলমঙ্গীর কবির ঘটনাস্থল পরিদর্শন করে। হামলা ও ভাংচুরের ঘটনায় আওয়ামীলিগের মনোনিত প্রার্থী হাসান কাদির গনু বলেন, আমরা কোন ভাংচুরের রাজনীতি করি না। যারা নির্বাচনকে ঘিরে অস্থিরতা সৃষ্টি করার চেষ্টা করছে তাদের পাল্টা জবাব আমরাও দিতে পারি।

আলমডাঙ্গা থানার ওসি আলমঙ্গীর কবির বলেন,“ নির্বাচনকে ঘিরে কোন অস্থিরতা মেনে নেওয়া হবে না। যদি কেউ আইনশৃঙ্খলা নষ্ট করার চেষ্ঠা করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গার সদর সার্কেল জাহাঙ্গীর হোসেন জানান,“ ভোটকে কেন্দ্র করে অফিস ভাংচুর, মারপিট এ গুলো নির্বাচনি আইন লঙ্ঘন। আইন না মেনে যারা অস্থিরতা সৃষ্টি করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।